



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

www.pallisanchaybank.gov.bd

শৃঙ্খলা ও আপিল বিভাগ

স্মারক নম্বর: পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৮১২)/(২০২৪-২৫)২০২৫-২৬/১৭৯১

তারিখ: ১১ মার্চ, ২০২৬

পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর অধীনে ব্রহ্মকৃত শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নম্বর: ১০২/২০২৪-২৫-এর

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ আব্দুল আলীম (এ-৭১২), মাঠ সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত), পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, সাতক্ষীরা (সংযুক্ত); ইত:পূর্বে পল্লী সঞ্চয় ব্যাংক, বীশখালী শাখা, চট্টগ্রাম -এ মাঠ সহকারী হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক), (খ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাৎমূলক অপরাধের দায়ে বিভাগীয় মামলা নম্বর: ১০২/২০২৪-২৫ দায়েরপূর্বক ২৯/০৫/২০২৫ তারিখের পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৮১২)/২০২৪-২০২৫/২৫৪৬ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়। আপনি অভিযোগনামার জবাব দাখিল করেন এবং কর্তৃপক্ষ উক্ত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনান্তে জনাব আপনি মোঃ আব্দুল আলীম আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের জন্য পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২ (১) (খ) প্রবিধি মোতাবেক আপনাকে গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেন এবং উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত বা বিকল্প কোন গুরুদণ্ড প্রদান করা হবে না এ মর্মে ১৮/১১/২০২৫ তারিখের পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৮১২)/(২০২৪-২৫)২০২৫-২৬/১০৩৭ নম্বর স্মারকমূলে চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ জারি করেন;

০৪। যেহেতু আপনি উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক তথ্যাদি বিচার-বিশ্লেষণ করে আপনি জনাব মোঃ আব্দুল আলীম আপনাকে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাৎের দায়ে দোষী সাব্যস্ত করত: গুরুদণ্ড তথা চাকরি হতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু আপনি জনাব মোঃ আব্দুল আলীম, কর্তৃপক্ষ আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২ (১) (খ) (উ) প্রবিধি মোতাবেক চাকরি হতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে,

(এলিজা জামান সুপ্তি)
সহকারী মহাব্যবস্থাপক

জনাব মোঃ আব্দুল আলীম
মাঠ সহকারী (বরখাস্তকৃত)
পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক)
কার্যালয়, সাতক্ষীরা।

স্থায়ী ঠিকানা:
পিতা: মোঃ হানিফ মজুমদার
হোল্ডিং নং: ০৫, গ্রাম: সোনাই আগা, রামগড়,
ডাকঘর: রামগড়-৪৪৪০, খাগড়াছড়ি।

স্মারক নম্বর: পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৮১২)/(২০২৪-২৫)২০২৫-২৬/১৭৯১/০৮

তারিখ: ১১ মার্চ, ২০২৬

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ (চট্টগ্রাম)।
- ০৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য)।
- ০৬। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, আইসিটি অপারেশন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, সাতক্ষীরা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ডাউনলোড করে জনাব মোঃ আব্দুল আলীম, মাঠ সহকারীর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি hasina@pallisanchaybank.gov.bd ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো। কর্মস্থলে উপস্থিত পাওয়া না গেলে একজন কর্মকর্তার মাধ্যমে তার স্থায়ী ঠিকানায় বসবাসরত নিকটাত্মীয়ের নিকট, অপারগতায় তার বসতবাড়ির সদর দরজায় টাঙ্গিয়ে জারিকরত দুই জন স্বাক্ষরিত স্মারকসহ একটি প্রতিবেদন অত্র কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হলো।
- ০৮। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বীশখালী শাখা, চট্টগ্রাম।
- ০৯। সংশ্লিষ্ট নথি/মহানথি।

Mtmas
(মোঃ মাসুদ হাসান)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার